যায়যায়দিন

তারিখ ... 3 DEC 2012 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

শিক্ষককে জুতার মালা

বরিশাল রেঞ্জের ডিআইজিসহ ৩ জনকে হাইকোর্টে তলব

যুগান্তর রিপোর্ট

বরিশালের উজিরপুরে এক শিক্ষককে জুতার মালা পরানোর ঘটনায় আদালত অবমাননার অভিযোগে পুলিশের বরিশাল রেঞ্জের ডিআইজিসহ তিন কর্মকর্তাকে তলব করেছেন হাইকোর্ট। রোববার বিচারপতি মির্জা হোসেইন হায়দার ও বিচারপতি সুফী মো. ইব্রাহিম হক আব্দেদের বেঞ্চ এই আদেশ দেন। আদেশে ১১ ডিসেম্বর তাদের সশরীরে আদালতে হাজিরের নির্দেশ দেয়া হয়। তলবকৃত অপর দুই কর্মকর্তা হচ্ছেন বরিশাল জেলা পুলিশ সুপার ও উজিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা। এছাড়া আদালত অবমাননার অভিযোগে কেন তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। এক সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে।

গত ২১ অক্টোবর একটি জাতীয় দৈনিকে 'চাকরি দিতে অনিয়ম না করার জের : বরিশালে শিক্ষককে ঘেরে জুতার মালা পরিয়ে দিল আওয়ামী লীগ নেতা'—শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশিত হয়। এই প্রতিবেদনটি যুক্ত করে হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশের পক্ষে অ্যাডভোকেট আমানুজ্জামান সিদ্দিকী ৩০ অক্টোবর এই রিট আবেদন করেন। প্রতিবেদনে বলা হয়, ১৯ অক্টোবর নাথারকান্দি মাধ্যমিক বিদ্যালয়ে কেরানি পদে নিয়োগ পরীক্ষা হয়। ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লিটন পাণ্ডেসহ ১৫ জন ওই পরীক্ষায় অংশ নেন। পরীক্ষা শেষে নিয়োগ পান রতন রায় নামের একজন। চাকরি না পেয়ে ক্ষুব্ধ লিটন পাণ্ডে দলবল নিয়ে চড়াও হন প্রধান শিক্ষক অনাথ বন্ধু হালদারের ওপর। এ সময় আওয়ামী লীগ নেতাকর্মীরা তাকে মারধর করে গলায় জুতার মালা পরিয়ে ঘটনাস্থল ত্যাগ করে। স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি চিত্তরঞ্জন বড়াল ও শিক্ষার্থীরা ঘটনার সময় সেখানে উপস্থিত ছিলেন বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়।

রিট দায়েরের পর প্রাথমিক শুনানি করে ৩১ অক্টোবর হাইকোর্ট রুল জারির পাশাপাশি বরিশালের উজিরপুরে শিক্ষককে জুতার মালা পরানোর ঘটনায় থানার ওসি, মূল নেতা স্থানীয় আওয়ামী লীগ নেতা লিটন পাণ্ডেসহ তিনজনকে তলব করেন হাইকোর্ট।